



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
প্রশাসন ইউনিট-১, সদর দপ্তর
www.caab.gov.bd



নম্বর: ৩০.৩১.০০০০.২২১.৬১.১৪৪.২২.২৯০৩

তারিখ: ৯ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
২৪ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

যেহেতু, জনাব মোহাম্মদ মামুন মিয়া (পিতা-মোঃ ওসমান গনি), সশস্ত্র নিরাপত্তা প্রহরী (শিক্ষানবিশ)-এর বিরুদ্ধে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (ক) ও (খ) বিধি অনুযায়ী যথাক্রমে 'দায়িত্ব পালনে অবহেলা' ও 'অসদাচরণ'-এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলায় (বিভাগীয় মামলা নং-১০/২০২৩, তারিখ: ২১/০৮/২০২৩ খ্রিঃ) শিক্ষানবিশের মেয়াদ চলাকালে তার আচরণ ও কর্ম সন্তোষজনক না হওয়ায় একই বিধিমালায় বিধি ৬(২)(ক) মোতাবেক গত ১৮/০৯/২০২৩ তারিখের ৩০.৩১.০০০০.২২১.৬১.১৪৪.২২.২৯১নং অফিস আদেশমূলে তার চাকরির অবসান ঘটানো হয়; এবং

০২। যেহেতু, জনাব মোহাম্মদ মামুন মিয়া উক্ত আদেশের বিরুদ্ধে চাকরিতে পুনর্বহালের জন্য গত ২৭/০৯/২০২৩ তারিখে নির্দিষ্ট সময়ের মধ্যে চেয়ারম্যান বরাবর আপিল আবেদন করায় বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৫৮(২) বিধির আলোকে আরোপিত দণ্ড পর্যালোচনা করা হয়। প্রবিধানমালার নির্ধারিত পদ্ধতি প্রতিপালন হওয়ায়, অভিযোগসমূহের দালিলিক ভিত্তি থাকায় ও এর উপর প্রদত্ত সিদ্ধান্ত সঠিক, যথার্থ ও ন্যায্যসঙ্গত হওয়ায় এবং আরোপিত দণ্ড মাত্রাতিরিক্ত না হওয়ায়, তার আপিল আবেদন নামঞ্জুর করে আরোপিত দণ্ড বহাল রাখার সিদ্ধান্ত হয়।

০৩। সেহেতু, জনাব মোহাম্মদ মামুন মিয়া, সশস্ত্র নিরাপত্তা প্রহরী (চাকরির অবসান)-এর আপিল আবেদন নামঞ্জুর করে তার বিরুদ্ধে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর বিধি ৬(২)(ক) অনুযায়ী "চাকরির অবসান" সূচক আরোপিত দণ্ড বহাল রাখা হলো।

২৪-১২-২০২৩

এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান
চেয়ারম্যান

০২৪১০৯১০০০ (ফোন)

+৮৮০২৪১০৯১১১১ (ফ্যাক্স)

chairman@gov.bd

নম্বর:

তারিখ: ৯ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
২৪ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সদস্য (প্রশাসন) (অতিরিক্ত সচিব), সদস্য (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
- ২। সদস্য (নিরাপত্তা), সদস্য (নিরাপত্তা) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
- ৩। সদস্য (অর্থ), সদস্য (অর্থ) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
- ৪। নির্বাহী পরিচালক (হেশাআবি), নির্বাহী পরিচালক (হেশাআবি) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
- ৫। পরিচালক (প্রশাসন), পরিচালক (প্রশাসন) এর দপ্তর, প্রশাসন বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
- ৬। পরিচালক (সিএনএস), পরিচালক (সিএনএস) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের জন্য);
- ৭। পরিচালক (অর্থ), পরিচালক (অর্থ) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
- ৮। পরিচালক (মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ), পরিচালক (মানব সম্পদ) এর দপ্তর, মানব সম্পদ বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
- ৯। উপ-পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা), প্রশাসন নিরাপত্তা ইউনিট, সদর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
- ১০। উপ পরিচালক (প্রশাসন), প্রশাসন (হেশাআবি) শাখা, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ [আদেশের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা

গ্রহণপূর্বক কৃত্যক বহিসহ (যদি থাকে) সদর দপ্তর প্রশাসন বিভাগকে অবহিত করার জন্য];

১১। পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;

১২। উপপরিচালক (হিসাব নিরীক্ষা), উপপরিচালক (হিসাব নিরীক্ষা) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;

১৩। সহকারী পরিচালক (মানব সম্পদ উন্নয়ন), এসিআর ও পেনশন শাখা, মানব সম্পদ বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;

১৪। সহকারী পরিচালক (হিসাব, হশাআবি), হিসাব (হশাআবি) শাখা, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;

১৫। উচ্চমান সহকারী, প্রশাসন ইউনিট-১, সদর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এবং

১৬। জনাব মোহাম্মদ মামুন মিয়া (পিতা-মোঃ ওসমান গনি), সশস্ত্র নিরাপত্তা প্রহরী (চাকরির অবসান), গ্রাম-সেহরাইল, ডাকঘর-সিংদাইর,
উপজেলা: নাগরপুর, জেলা-টাঙ্গাইল।



(Handwritten signature)

২৪-১২-২০২৩

এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান
চেয়ারম্যান